

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৮, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৫ বৈশাখ, ১৪৩৩ মোতাবেক ২৮ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ১৫ বৈশাখ, ১৪৩৩ মোতাবেক ২৮ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং-৯৪/২০২৬

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর সংশোধনকল্পে আনীত

বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০
সনের ১২ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সংশোধন)
আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১০ সনের ১২ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৩) এর—

(ক) দফা (ঙ) এর প্রান্তস্থিত “;” সেমিকোলন চিহ্নের পর “বা” শব্দ সন্নিবেশিত হইবে;

(খ) দফা (চ) এ উল্লিখিত “; বা” সেমিকোলন চিহ্ন ও শব্দের পরিবর্তে “।” দাঁড়ি চিহ্ন
প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) দফা (ছ) বিলুপ্ত হইবে।

(১৭২৯১)

মূল্য : টাকা ৪.০০

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বীমা খাতের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্য পদে দক্ষ, প্রজ্ঞা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে নিয়োগ প্রদানের জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ সংশোধিতরূপে সমন্বয়যোগ্য করিয়া বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬ প্রণয়ন করা সমীচীন এবং উহার প্রয়োজনীয়তা প্রাসঙ্গিক।

আমির খসরু মাহমুদ চৌধুরী
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।